# হরমুজে জাহাজ থেকে ইরানকে ফি আদায় করতে দেওয়া হবে না: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী জাহাজের কাছ থেকে ইরানকে কোনো ধরনের ফি আদায় করতে দেওয়া হবে না বলে মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে হরমুজ প্রণালিতে অবাধ নৌ চলাচল নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

ট্রাম্প বলেন, হরমুজ ব্যবহারকারী জাহাজের কাছ থেকে ইরান অর্থ আদায় করবে, এমন পরিস্থিতি যুক্তরাষ্ট্র মেনে নেবে না। তার ভাষায়, “ইরানকে কোনো ফি আদায় করতে দেওয়া হবে না। যদি কেউ ফি আদায় করে, সেটি আমরা করব। হরমুজের ওপর আমাদের পূর্ণ নিয়ন্ত্রণ রয়েছে।”

তবে একই সঙ্গে তিনি স্পষ্ট করেন, বর্তমানে হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলের জন্য কোনো ধরনের ফি আরোপের বিষয়টি আলোচনায় নেই।

এ প্রসঙ্গে ট্রাম্প বলেন, “এ মুহূর্তে আমরা কোনো ধরনের ফি আদায়ের বিষয় নিয়ে আলোচনা করছি না।”

LENS ASIA